**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 09-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## NITI AAYOG :

নীতি আয়োগের পক্ষ থেকে দ্বিতীয় পর্যায়ে ২০২৩-২৪ অর্থবছরের জন্য উত্তর পূর্বের রাজ্যগুলিতে জেলাগত সুস্থায়ী বিকাশ লক্ষ্যমাত্রা সূচক সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ করা হয়েছে| প্রতিবেদন অনুসারে জেলাগুলিতে ৮৫ শতাংশ সমন্বিত বৃদ্ধির হার স্পষ্ট হয়ে উঠেছে| এক্ষেত্রে মিজোরামের সব জেলার পাশাপাশি সিকিম এবং ত্রিপুরার জেলাগুলিও সামনের সারিতে রয়েছে| মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল সামাজিক মাধ্যমে জানিয়েছেন, এস.ডি.জি সূচক এই অর্থবছরে ত্রিপুরার ৩টি জেলা উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। সূচক অনুসারে তৃতীয় স্থানে গোমতী, পঞ্চম স্থানে পশ্চিম ও সপ্তম স্থানে রয়েছে দক্ষিণ জেলা|

*********************

## PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ব্রাজিলে তাঁর রিও ডি জেনেইরো সফর খুবই ফলপ্রসূ হয়েছে। সামাজিক মাধ্যমে তিনি বলেন, ব্রিকস শীর্ষ সম্মেলনে বিস্তারিত আলোচনা হয়েছে। তিনি ব্রাজিলের রাষ্ট্রপতি এবং ব্রাজিল সরকারকে তাদের ব্রিকস সভাপতিত্বের মাধ্যমে এই প্ল্যাটফর্মটিকে আরও কার্যকর করার জন্য প্রশংসা করেন। এদিকে, পাঁচ দেশ সফরের শেষ পর্যায়ে প্রধানমন্ত্রী আজ নামিবিয়ার উইন্ডহোকে পৌঁছাবেন। সফরকালে, প্রধানমন্ত্রী নামিবিয়ার রাষ্ট্রপতি

নেতুম্বো নন্দী-নদাইতওয়ার সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করবেন। শ্রী মোদীর নামিবিয়ার সংসদে ভাষণ দেওয়ারও কথা রয়েছে।

*********************

**Strike ᒪth July :**

১৭ দফা দাবির ভিত্তিতে আজ দেশব্যাপী সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে কেন্দ্রীয় ১০টি ট্রেড ইউনিয়ন। চারটি শ্রম কোড বাতিল করা, পুরনো পেনশন স্কিম পুনর্বহাল করা, বিদ্যুৎ সংশোধনী বিল বাতিল করা-সহ বিভিন্ন দাবিতে এই ধর্মঘটের ডাক দেওয়া হয় | এদিকে, রাজ্য সরকারের সাধারণ প্রশাসন বিভাগ থেকে এক নির্দেশনামায় জানানো হয়েছে, আজ ধর্মঘটের দিন রাজ্য সরকারের অধীনে থাকা সমস্ত অফিস, সরকার অধিগৃহীত সংস্থা স্বাভাবিকভাবে কাজ করবে। এদিকে রাজ্যে এখনো পর্যন্ত এই ধর্মঘটের তেমন কোনো প্রভাব লক্ষ্য করা যায়নি যান বাহন চলাচলও স্বাভাবিক পরিলক্ষিত হচ্ছে |

********************

**Flood Situation-South :**

দুদিনের টানা বৃষ্টিতে দক্ষিণ জেলায় বন্যা পরিস্হিতি তৈরি হয়েছে। মুহুরীপুরে ভূমিধসের কারনে বন্ধ হয়ে পড়েছে জোলাইবাড়ি -বিলোনিয়া ১০৮ (বি) জাতীয় মহাসড়ক। বিকল্প পথে ছোট যান-বাহন চলাচল করছে|

বিলোনিয়ায় মুহুরী নদীর জল নামলেও বিপদসীমার উপর দিয়েই বইছে। টানা বৃষ্টির কারনে বিলোনিয়া শহরের বিভিন্ন স্থানে প্রচুর জল জমে যায়।শহরের বিভিন্ন জায়গায় দমকল দিয়ে জল সরানোর কাজ চলছে। শহর এবং এর বাইরে বিভিন্ন এলাকায় গভীর রাত পর্যন্ত খোলা হয়েছে ৭টি আশ্রয় শিবির। শান্তিরবাজারেও ৪টি আশ্রয় শিবির খোলা হয়েছে|আশ্রয় নিয়েছেন মোট ৫৮৩

জন দুর্গত মানুষ। প্রসাশন সুত্রে জানা গেছে,  দক্ষিণজেলার অন্য মহকুমার জলস্তরও  নামতে শুরু করেছে|

*********************

**Kharchi-7th day :**

পুরান আগরতলার ঐতিহ্যবাহী খার্চিপূজার গতকাল ছিল ষষ্ঠ দিন| অবিশ্রান্ত বর্ষণের ফলে গতকাল সেখানে পুর্নার্থীর সমাগমে বিঘ্ন ঘটে | আজ সাত দিন ব্যাপী খার্চি পূজা, মেলা ও উৎসবের সমাপ্তি দিন| সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

*********************

**NEC Meeting :**

উত্তর-পূর্বাঞ্চল পরিষদ (এন.ই.সি) ত্রিপুরার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের জন্য ১৪ কোটি ২২ লক্ষ টাকা প্রদান করেছে। সম্প্রতি শিলং-এ এন.ই.সি-র সচিব সতীন্দ্র কুমার ভাল্লার পৌরহিত্যে ত্রিপুরা সরকারের পরিকল্পনা দপ্তরের আধিকারিক এবং এনইসি সচিবালয়ের বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের এক বৈঠকে এতথ্য জানানো হয়| বৈঠকে ত্রিপুরা সরকারের বিভিন্ন প্রস্তাব কোন পর্যায়ে রয়েছে এবং এর বাস্তবায়ণ নিয়ে আলোচনা করা হয়। বৈঠকে কর্মক্ষেত্রে দক্ষতা উন্নয়নের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ণ ত্বরান্বিত করার উপর জোর দেওয়া হয়।

************************

**POST OFFICE :** .

আগামী ১৫ই জুলাই থেকে রাজ্যে উন্নত প্রযুক্তির ডাক পরিষেবা চালু হচ্ছে। আগরতলা পোস্টাল ডিভিশনের সুপারিনটেনডেন্ট অফ পোস্ট অফিস মানিক লাল দাস জানিয়েছেন, প্রথম পর্যায়ে, আগরতলার প্রধান ডাকঘর, ২৫ টি উপ-

ডাকঘর ও তার শাখা গুলিতে এই পরিষেবা চালু হবে। ডাক বিভাগ গ্রাহকদের অত্যাধুনিক প্রযুক্তির পরিষেবা দেওয়ার লক্ষ্যে এ.পি.টি অ্যাপ্লিকেশন চালু করবে, যা ডিজিটাল উৎকর্ষের ক্ষেত্রে এক ঐতিহাসিক মাইলফলক হিসেবে চিহ্নিত হবে।

***********************

**Weather :**

নিম্নচাপের প্রভাবে রাজ্যের বিভিন্ন স্থানে বজ্রবিদ্যুৎ-সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর | পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতি ও দক্ষিণ জেলায় অতি ভারী বৃষ্টিপাতের সম্ভবনা রয়েছে| রাজ্যে আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাত হয়েছে ৩১.৮ মিলিমিটার | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস-এর কাছাকাছি থাকতে পারে।

************************